গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন -১ শাখা

বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার প্রদানের নিয়মাবলি

১। 'বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ট্রাস্ট আইন, ২০১৬' এর আলোকে বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার প্রদানের জন্য নিম্নলিখিতভাবে নিয়মাবলি নিম্নরূপভাবে প্রস্তুত করা হয়েছে।

২। সংজ্ঞা

(ক) কৃষি : কৃষি বলতে শস্য উৎপাদন, শাকসবজি ও ফলমূল চাষ, দুগ্ধ খামার, গবাদি পশু ও হাস-মুরগি পালন, মৎস্য চাষ, বনায়ন বুঝাবে।

(খ) বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার : বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ট্রাস্ট আইন, ২০১৬ এর ধারা ৯ এর উপধারা ৫ অনুসারে প্রদত্ত পুরস্কারকে বুঝাবে।

(গ) ট্রাস্টি বোর্ড : বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ট্রাস্ট আইন, ২০১৬ এর ধারা ৬ অনুসারে গঠিত ট্রাস্টি বোর্ডকে বুঝাবে।

(ঘ) চেয়ারম্যান, স্থানীয় সরকার পরিষদ বলতে শুধুমাত্র (১) রাঙ্গামাটি পার্বত্য জেলা, (২) খাগড়াছড়ি পার্বত্য জেলা, (৩) বান্দরবান পার্বত্য জেলাসমূহের স্থানীয় সরকার পরিষদের চেয়ারম্যানগণকে বুঝাবে।

(ঙ) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বলতে সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণকে বুঝাবে।

৩। (ক) নিম্নলিখিত ক্ষেত্রে বিশেষ অবদান রাখার জন্য 'বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার' দেয়া যাবে

(১) কৃষি গবেষণায় অবদান

মনোনয়নের যোগ্যতা	কৃষি সহায়ক গবেষণা যেমন-ফসল, ফলমূল, শাকসবজি, ফুল, মৎস্য, প্রাণিসম্পদ এবং বন ও পরিবেশবিষয়ক গবেষণার মাধ্যমে লাগসই প্রযুক্তি উদ্ভাবন বা উন্নয়নে সাফল্য অর্জন এবং কৃষিতে উচ্চ উৎপাদনশীলতা অর্জন এর সাফল্য।
মনোনয়নের উপযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান	সাফল্য অর্জনকারী সরকারি ও বেসরকারি গবেষণা ইনস্টিটিউট, বিশ্ববিদ্যালয় অথবা প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট একক বা একাধিক গবেষক বা বিজ্ঞানী।

(২) কৃষি সম্প্রসারণে অবদান

মনোনয়নের যোগ্যতা	ফসল, ফলমূল, শাকসবজি, ফুল, মৎস্য, প্রাণিসম্পদ, বনায়ন এবং পরিবেশ সংরক্ষণে লাগসই ও আধুনিক কৃষি সহায়ক প্রযুক্তি কৃষক পর্যায়ে হস্তান্তরে সাফল্য অর্জন।
মনোনয়নের উপযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান	সাফল্য অর্জনকারী সরকারি-বেসরকারি/ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠান অথবা সরকারি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত সম্প্রসারণ কর্মকর্তা বা কর্মী।

(৩) প্রতিষ্ঠানিক/সমবায়/কৃষক পর্যায়ে উচ্চ মানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ, বিতরণ ও নার্সারি স্থাপন

মনোনয়নের যোগ্যতা	উচ্চফলনশীল মানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ, বিতরণ ও নার্সারি উন্নয়ন এবং লাগসই ও আধুনিক ফসল ভিত্তিক প্রযুক্তির পরিচিতি এবং সুষ্ঠু প্রযুক্তি সম্প্রসারণের/ হস্তান্তরের মাধ্যমে উৎপাদনে সফলতা প্রদর্শন এবং প্রযুক্তি গ্রহণে অন্যদের

উৎসাহিত/অনুপ্রাণিত করা।

মনোনয়নের উপযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান	সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান অথবা বেসরকারি বিভিন্ন কৃষক দল/সমবায় সমিতি এবং প্রগতিশীল পুরুষ বা নারী কৃষক।

(৪) **কৃষি উন্নয়নে জনসচেতনতা বৃদ্ধি ও উদ্বুদ্ধকরণ প্রকাশনা ও প্রচারণামূলক কাজ**

মনোনয়নের যোগ্যতা	বাংলাদেশের প্রেক্ষাপটে কৃষিবিষয়ক বিজ্ঞানভিত্তিক উচ্চমান পপুলার পুস্তক রচনা, জার্নালে প্রকাশনা, পত্রপত্রিকায় প্রকাশনা, বেতার, টেলিভিশনে প্রচার এবং কৃষি বিষয়ক চলচ্চিত্র অথবা এ ধরনের প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে লাগসই কৃষি প্রযুক্তি হস্তান্তর বা তৈরিতে সাফল্য অর্জন।
মনোনয়নের উপযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান	সরকারি-বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান, গণমাধ্যম প্রতিষ্ঠান অথবা এ বিষয়ে উৎসাহী ও নিবেদিত প্রাণ যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান অথবা বেসরকারি বিভিন্ন কৃষক দল/সমবায় সমিতি এবং প্রগতিশীল পুরুষ বা নারী কৃষক।

(৫) **পরিবেশবান্ধব প্রযুক্তি উদ্ভাবন/ব্যবহার**

মনোনয়নের যোগ্যতা	কৃষিতে পরিবেশবান্ধব প্রযুক্তি উদ্ভাবন যেমন-সমন্বিত খামার ব্যবস্থাপনা, সমন্বিত বালাই ব্যবস্থাপনা বা সমন্বিত ফসল ব্যবস্থাপনা/পানি ব্যবস্থাপনা/জীবাণু সার প্রযুক্তি উদ্ভাবন বা প্রয়োগ করে ব্যাপক সফলতা অর্জন।
মনোনয়নের উপযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান	সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান,ব্যক্তি/দল/সমবায় সমিতি, তৃণমূল পর্যায়ের কর্মী অথবা কৃষক।

(৬) **কৃষিতে নারীদের অবদান**

মনোনয়নের যোগ্যতা	বসতবাড়ি অথবা খামারে সবজি, ফুল, ফলমূল চাষে সাফল্য অর্জন পশুপাখি পালন, মৎস্য চাষ ও বনায়ন করে স্থানীয়/জাতীয় পর্যায়ে অনন্য দৃষ্টান্ত স্থাপনকারী নারী উদ্যোক্তা/নারী দল।
মনোনয়নের উপযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান	সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে কর্মরত নারী দল/সমিতি অথবা যে কোনো প্রগতিশীল নারী কৃষক।

(৭) **বাণিজ্যিক ভিত্তিক খামার স্থাপন**

মনোনয়নের যোগ্যতা	বাণিজ্যিক ভিত্তিতে খামারে শস্য, শাকসবজি, ফলমূল, ফুল ইত্যাদি উৎপাদন, বাজারজাত ও প্রক্রিয়াজাত করে দেশীয় বাজারে অথবা বিদেশে রফতানি করে দৃষ্টান্তমূলক সাফল্য অর্জন।
মনোনয়নের উপযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান	বাণিজ্যিক ভিত্তিতে খামার স্থাপন করে লাভবান কোন দল/সমিতি অথবা ব্যক্তি/প্রতিষ্ঠান।

(৮) **বাণিজ্যিক ভিত্তিতে বনায়ন**

মনোনয়নের যোগ্যতা	বাণিজ্যিক ভিত্তিতে নার্সারি স্থাপন, কৃষি বনায়ন বা সামাজিক বনায়ন সৃজনে সাফল্য।
মনোনয়নের উপযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান	বাণিজ্যিক ভিত্তিতে কৃষি বনায়ন বা সামাজিক বনায়ন সৃজনকারী ব্যক্তি/সমিতি/প্রতিষ্ঠান।

(৯) <u>বাণিজ্যিক ভিত্তিতে গবাদিপশু ও হাঁস-মুরগি চাষ</u>

মনোনয়নের যোগ্যতা	বাণিজ্যিক ভিত্তিতে গবাদিপশু ও হাঁস-মুরগি জাতীয় পাখি পালন করে সাফল্য অর্জন।
মনোনয়নের উপযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান	স্থানীয় পর্যায়ে গবাদি পশু ও হাঁস-মুরগি জাতীয় পাখি পালন করে লাভবান ও সফলতা অর্জন এবং দেশীয় বাজার অথবা বিদেশে রপ্তানির মাধ্যমে সফলতা অর্জনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান।

(১০) <u>বাণিজ্যিক ভিত্তিতে মৎস্য চাষ</u>

মনোনয়নের যোগ্যতা	বাণিজ্যিক ভিত্তিতে মৎস্য চাষ, হ্যাচারি প্রতিষ্ঠা করে সাফল্য অর্জন।
মনোনয়নের উপযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান	স্থানীয় পর্যায়ে মৎস্য চাষ, হ্যাচারি প্রতিষ্ঠা করে লাভবান ও সফলতা অর্জন এবং দেশীয় বাজার অথবা বিদেশে রপ্তানির মাধ্যমে সফলতা অর্জনকারী ব্যক্তি/প্রতিষ্ঠান ।

(খ) <u>পুরস্কারের বিবরণ</u> : ট্রাস্টি বোর্ডের অনুমোদনক্রমে প্রতি বছর একবার নিম্নরূপ পুরস্কার দেয়া হবে -

১) প্রথম পুরস্কার-৫টি (একটি করে স্বর্ণপদক এবং নগদ ১,০০,০০০.০০ টাকা)।

২) দ্বিতীয় পুরস্কার-৯টি (একটি করে রৌপ্যপদক এবং নগদ ৫০,০০০.০০ টাকা)।

৩) তৃতীয় পুরস্কার-১৮টি (একটি করে ব্রোঞ্জপদক এবং নগদ ২৫,০০০.০০ টাকা)।

(গ) 'জাতীয় পদক পরিধান নির্দেশিকা' অনুসারে এবং সরকার অনুমোদিত লোগো সন্নিবেশ করে পদক তৈরি করা হবে।

৪। **পদক প্রদান পদ্ধতি**

প্রতিবছর বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার প্রদান উপলক্ষ্যে নির্ধারিত পদ্ধতি, নির্দিষ্ট ফরমে সারাদেশ থেকে ব্যক্তি/ প্রতিষ্ঠানের কাছ থেকে মনোনয়ন সংগ্রহ করা হয়। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান স্ব স্ব উপজেলা কমিটির সভাপতি/সদস্য-সচিব এর মনোনয়ন দাখিল করবেন। উপজেলা কমিটি উপজেলায় প্রাপ্ত মনোনয়নসমূহ যাচাই-বাছাই করে ওই কমিটি কর্তৃক বিবেচিত মনোনয়নসমূহ জেলা কমিটির কাছে প্রেরণ করবে। জেলা কমিটি প্রাপ্ত মনোনয়নসমূহ যাচাই বাছাই করে মন্ত্রণালয়ে প্রেরণ করবে। তবে জেলা কমিটি ছাড়াও নিম্নেবর্ণিত ব্যক্তি/প্রতিষ্ঠান সরাসরি মন্ত্রণালয়ে মনোনয়ন প্রেরণ করতে পারবেন–

১. মাননীয় সংসদ সদস্য।

২. চেয়ারম্যান, স্থানীয় সরকার পরিষদ।

৩. কৃষি মন্ত্রণালয়/বন ও পরিবেশ মন্ত্রণালয়/মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়/পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

৪. সকল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য।

৫. কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা

৬. বিভাগীয় কমিশনার।

৭. আঞ্চলিক পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

৮. বিভাগীয় বন কর্মকর্তা।

৯. পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়া।

১০. বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, বার্ড।

১১. বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (BCSIR)।

১২. ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (FBCCI)।

জেলা কমিটি ও অন্যান্য উৎস হতে মনোনয়ন পাওয়ার পর ট্রাস্টি বোর্ড কর্তৃক গঠিত উপ-বাছাই কমিটি এবং বাছাই কমিটি পুঙ্খানুপুঙ্খভাবে যাচাইপূর্বক মনোনয়ন প্রস্তুত করে ট্রাস্টি বোর্ডে নিকট সুপারিশসহ উপস্থাপন করবে। ট্রাস্টি বোর্ডের সভায় বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত মনোনয়ন চূড়ান্ত করা হবে।

৫। (ক) মনোনয়ন দাখিল

(১) ট্রাস্টি বোর্ডের সিদ্ধান্তক্রমে প্রতি বাংলা সনের জন্য পুরস্কারের নিমিত্ত মনোনয়ন আহ্বান করে প্রচার মাধ্যমে বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।

(২) নির্ধারিত ফরমে নির্দিষ্ট তারিখের মধ্যে মনোনয়নসমূহ সচিব, কৃষি মন্ত্রণলয়, বাংলাদেশ সচিবালয়, ভবন নং-৪, ঢাকা-১০০০ এই ঠিকানায় প্রেরণ করতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত মনোনয়ন বিবেচনা করা হবেনা।

(৩) অনুচ্ছেদ ৪ - এ বর্ণিত মনোনয়ন দানকারীগণ পুরস্কার প্রদানের ১০টি ক্ষেত্রের প্রতিটির জন্য ১টি মনোনয়ন কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে পারবেন।

(৪) আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান স্ব স্ব উপজেলা কমিটির সভাপতি/সদস্য-সচিব এর মনোনয়ন দাখিল করবেন। উপজেলা কমিটি যাচাই/বাছ্াই করে পুরস্কার প্রদানের ১০টি ক্ষেত্রের প্রতিটির জন্য ১(এক) জনের নাম কমিটির সভার কার্যবিবরণীসহ জেলা কমিটির নিকট প্রেরণ করবে। জেলা কমিটি প্রাপ্ত মনোনয়নসমূহ যাচাই/বাছাই করে ১০টি ক্ষেত্রের প্রতিটির জন্য একটি করে মনোনয়ন, কমিটির সভার কার্যবিবরণীসহ নির্ধারিত সময়ের মধ্যে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

(খ) জেলা কমিটি

১.	চেয়ারম্যান, স্থানীয় সরকার পরিষদ (৩টি পার্বত্য জেলার জন্য)/জেলা প্রশাসক	সভাপতি
২.	উপপরিচালক, বিআরডিবি	সদস্য
৩.	সহকারী বন সংরক্ষক	সদস্য
৪.	জেলা মৎস্য অফিসার	সদস্য
৫.	জেলা প্রাণিসম্পদ অফিসার	সদস্য
৬.	জেলা সমবায় অফিসার	সদস্য
৭.	উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	সদস্য সচিব

(গ) উপজেলা কমিটি

১.	উপজেলা নির্বাহী অফিসার	সভাপতি
২.	উপজেলা মৎস্য অফিসার	সদস্য
৩.	উপজেলা প্রাণিসম্পদ অফিসার	সদস্য
৪.	উপজেলা সমবায় অফিসার	সদস্য
৫.	উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি মনোনীত একজন ইউ.পি চেয়ারম্যান	সদস্য
৬.	উপজেলা কৃষি অফিসার	সদস্য সচিব